UAP-PRD

August 09, 2017

প্রথম আলো

# ব্যবসার ক্ষতি হলেও প্রতিশ্রুতি রাখতে হবে

## ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের উদ্যোক্তাবিষয়ক একক বক্তৃতা অনুষ্ঠানে সৈয়দ মঞ্জুর এলাহী




অ্যাপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী (মাঝে) গতকাল ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) শিক্ষার্থীদের উদ্দেশে বিশেষ বক্তৃতা দেন। এ সময় উপস্থিত ছিলেন ইউএপির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী (বাঁয়ে) ও বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী ● ছবি : প্রথম আলো

নিজস্ব প্রতিবেদক ●

সফল উদ্যোক্তা হতে হলে ব্যবসায়িক প্রতিশ্রুতি রক্ষা করা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এমনকি এ জন্য সাময়িকভাবে ব্যবসার কিছু ক্ষতি হলেও সেটি মেনে নিতে হবে। এমনটি মনে করেন দেশের সফল উদ্যোক্তা ও অ্যাপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী। তাঁর মতে, প্রতিষ্ঠান ও নিজের সুনাম ধরে রাখার পাশাপাশি সফল উদ্যোক্তা হতে সততা, কঠোর পরিশ্রম, কাজের প্রতি নিবেদন, সঠিক জীবনসঙ্গী নির্বাচনও গুরুত্বপূর্ণ।

বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের উদ্দেশে দেওয়া এক বিশেষ বক্তৃতায় এসব কথা বলেন সৈয়দ মঞ্জুর এলাহী। রাজধানীর গ্রিন রোডে ইউএপির ক্যাম্পাসে গতকাল মঙ্গলবার এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী।

শিক্ষার্থীদের সফল উদ্যোক্তা হিসেবে গড়ে ওঠার কাজে অনুপ্রাণিত করতে ইউএপির ব্যবসায় প্রশাসন বিভাগের ধারাবাহিক আয়োজন এই একক বক্তৃতা অনুষ্ঠান। এতে বিভিন্ন খাতে দেশের প্রতিষ্ঠিত ব্যবসায়ী ও উদ্যোক্তারা নিজেদের সাফল্যের গল্প শিক্ষার্থীদের কাছে তুলে ধরেন। তারই ধারাবাহিকতায় গতকাল এসেছিলেন সৈয়দ মঞ্জুর এলাহী।

সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, শিক্ষার্থী হিসেবে স্বপ্ন দেখা শিখতে হবে। যে ব্যক্তি স্বপ্ন দেখতে পারে না, সে খুবই সাদামাটা। স্বপ্ন দেখার পাশাপাশি সেটা বাস্তবায়নে কঠোর পরিশ্রম করে যেতে হবে। সফল উদ্যোক্তা হওয়ার সংক্ষিপ্ত কোনো পথ নেই। কাউকে না ঠকিয়ে সৎভাবে ব্যবসা করে যেতে হবে, সাফল্য এমনিতে চলে আসবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ থেকে স্নাতকোত্তর সম্পন্ন করার পর সাত বছর বহুজাতিক কোম্পানি পাকিস্তান টোব্যাকোতে (বর্তমানে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো) কাজ করেন সৈয়দ মঞ্জুর এলাহী। ভালো কাজের স্বীকৃতি হিসেবে সাত বছরে চারবার পদোন্নতি পান তিনি। তবে চাকরির ধরাবাঁধা জীবন ভালো না লাগায় তখন থেকেই অন্য কিছু করার স্বপ্ন দেখতে শুরু করেন তিনি। স্বাধীন বাংলাদেশে ওই চাকরি ছেড়ে ফ্রান্সের এক ব্যক্তির সঙ্গে চামড়ার ব্যবসা শুরু করেন তিনি। এরপর ১৯৭৫ সালে ১২ লাখ টাকা মূলধনে একটি চামড়া প্রক্রিয়াজাত কারখানা কিনে নিয়ে অ্যাপেক্স ট্যানারি প্রতিষ্ঠা করেন। সেটি দিয়েই উদ্যোক্তা হওয়ার যাত্রা শুরু করেন তিনি।

বহুজাতিক কোম্পানির চাকরি ও প্রতিষ্ঠিত জীবন ছেড়ে সৈয়দ মঞ্জুর এলাহীর উদ্যোক্তা হওয়ার বিষয়টি ভালোভাবে নেয়নি পরিবার। এমনকি তাঁর স্ত্রীও ব্যবসা করার সিদ্ধান্তের পক্ষে ছিলেন না। এরপরও থেমে থাকেননি তিনি। ব্যবসা করার পথে প্রতিবন্ধকতার বিষয়ে সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, 'অ্যাপেক্স ট্যানারির ব্যবসা চালাতে তিনবার বড় ধরনের আর্থিক সমস্যায় পড়তে হয়েছে। যে দামে পণ্য সরবরাহ করার চুক্তি হয়েছিল পরবর্তী সময়ে উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় তার চেয়ে বেশি দামে উৎপাদন করেও কম দামে বিক্রি করতে হয়েছে। তবু ব্যবসায়িক প্রতিশ্রুতি রক্ষা করেছিলাম।'

উদ্যোক্তা হতে নিজের অভিজ্ঞতা তুলে ধরে সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, একজন ব্যবসায়ীর গুরুত্বপূর্ণ বন্ধু হলো ব্যাংক। কারণ, ব্যবসার মূলধন পেতে ব্যাংকের কাছে যেতে হবে। তবে ঋণ নিয়ে কখনো খেলাপি হওয়া যাবে না। এটি করতে পারলে ঋণ নিয়ে ব্যাংকই উদ্যোক্তার পেছনে ঘুরতে থাকবে।


সফল হতে কঠোর পরিশ্রমের গুরুত্ব তুলে ধরেন সৈয়দ মঞ্জুর এলাহী। তিনি বলেন, 'একটা সময় দিনে ১৪ থেকে ১৬ ঘণ্টা কাজ করেছি, ছেলেমেয়েকে বড় হতে দেখিনি।' পরিশ্রমের পাশাপাশি কাজের প্রতি নিবেদনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন সৈয়দ মঞ্জুর এলাহী। তিনি বলেন, ভালো লাগা না থাকলে দীর্ঘ সময় কাজ করে যাওয়াটা বিরক্তিকর। যে কাজটি করতে ভালো লাগে সেটির উদ্যোক্তা হওয়া উচিত। যে কাজটিই করা হোক না কেন, সেখানে এক নম্বর হওয়ার মানসিকতা থাকতে হবে।

অনুষ্ঠানে অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, 'সৈয়দ মঞ্জুর এলাহীর সফলতার গল্প ভবিষ্যতে অনেক তরুণকে উদ্যোক্তা হওয়ার স্বপ্ন দেখতে সাহায্য করবে। তাঁকে ইউএপিতে পেয়ে সম্মানিত ও আনন্দিত বোধ করছি।'

http://epaper.prothom-alo.com/view/dhaka/2017-08-09/13

স্বপ্ন নিয়ে

প্রথম আলো




বাঁ থেকে অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মনজুর এলাহী ও কাইয়ুম রেজা চৌধুরী। ছবি : সংগৃহীত

### ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক

# সাফল্যের গল্পে অনুপ্রেরণা

সামিয়া শারমিন

গত ৮ আগস্ট। ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ক্যাম্পাসে এক দল তরুণকে বেশ উচ্ছ্বাস নিয়ে নিজের গল্প বলছিলেন অ্যাপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মনজুর এলাহী। তাঁর মতো একজন সফল উদ্যোক্তাকে সামনে পেয়ে উপস্থিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও খুলে বসেছিলেন প্রশ্নের ঝাঁপি। শিক্ষার্থীরা যেন সততার সঙ্গে সফল উদ্যোক্তা হওয়ার স্বপ্ন দেখতে পারে, সে লক্ষ্যেই 'এন্ট্রাপ্রেনিউরশিপ লেকচার সিরিজ' শিরোনামে এই আয়োজন করেছিল ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ব্যবসায় বাণিজ্য অনুষদ। জানা গেল, এটি একটি ধারাবাহিক আয়োজন। সামনের দিনগুলোতেও সফল উদ্যোক্তারা আসবেন, কথা বলবেন শিক্ষার্থীদের সঙ্গে।

সৈয়দ মনজুর এলাহী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান বক্তা হিসেবে। এ ছাড়া অনুষ্ঠানে বক্তব্য দেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জামিলুর রেজা চৌধুরী।

দুর্নীতি পরিহার করে কঠোর পরিশ্রম ও সততার মাধ্যমে একজন সফল উদ্যোক্তা হওয়া যায়—শিক্ষার্থীদের মনে এই বিশ্বাস বুনে দিয়েছেন বক্তারা। সৈয়দ মনজুর এলাহী বক্তৃতায় বলেন, 'সফল উদ্যোক্তা হতে হলে সততা থাকতে হবে। নিজের ওপর বিশ্বাস রাখতে হবে।' তিনি শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার স্বপ্ন দেখতে এবং সেই স্বপ্ন বাস্তবায়নে নিরলস পরিশ্রম করার আহ্বান জানান। শিক্ষার্থীরাও আশা প্রকাশ করেন, এই আলোচনা তাঁদের উদ্যোক্তা হওয়ার সাহস জোগাবে।

http://epaper.prothom-alo.com/view/dhaka/2017-08-13/26

## UAP initiates “Entrepreneurship Lecture Series” with Syed Manzur Elahi

Department of Business Administration (DBA), University of Asia Pacific (UAP) hosted the first session of “Entrepreneurship Lecture Series” on August 8, 2017.

Guest speaker Syed Manzur Elahi, Chairman of Syed Manzur Elahi Enterprise and Apex Group, conducted an insightful session on his journey to becoming one of the most leading entrepreneurs of Bangladesh. The distinguished speaker of the session disclosed how he took the initiative of leaving a lucrative job to start a tannery business, the struggles he faced and how he made a name for himself in the business world.

Dr. Jamilur Reza Choudhury, VC, UAP was present as chief guest. Chairman, BOT, Qayum Reza Chowdhury, and Head of DBA, Shamsad Ahmed were present during the lecture.


Faculty members and students attended the session that concluded with vote of thanks by Sadia Tangem, convener of the series; Sisili Rahman; Samira Sahel; Barnali Nandi, and Tahmeem Siddiqi.

http://www.thedailystar.net/shout/bulletin-board/bulletin-board-1449547

### উদ্যোক্তা বক্তৃতামালা অনুষ্ঠানে সৈয়দ মঞ্জুর এলাহী

# মানসম্মত পণ্যই প্রতিযোগিতায় টিকিয়ে রাখবে

নিজস্ব প্রতিবেদক | ২৩:৪৮:০০ মিনিট, আগস্ট ০৯, ২০১৭




ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত উদ্যোক্তা বক্তৃতামালা অনুষ্ঠানে গতকাল বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী। এ সময় উপস্থিত ছিলেন ইউএপির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী ও ট্রাস্টি বোর্ডের সভাপতি কাইয়ুম রেজা চৌধুরী ছবি : নিজস্ব আলোকচিত্রী

ব্যবসায়িক প্রতিযোগিতায় টিকে থাকতে হলে গুণগত মানসম্মত পণ্য উত্পাদন করতে হবে। মানসম্মত পণ্যই প্রতিযোগিতায় টিকিয়ে রাখবে। ক্রেতাদের সঙ্গে প্রতারণা না করলে তারা এমনিতেই পণ্য কিনবে। গতকাল ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক আয়োজিত উদ্যোক্তা বক্তৃতামালা অনুষ্ঠানে এসব কথা বলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও এপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি কাইয়ুম রেজা চৌধুরী। এরপর বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী। অনুষ্ঠানে সৈয়দ মঞ্জুর এলাহী তার উদ্যোক্তা হওয়ার গল্প শোনান। তিনি বলেন, পাকিস্তান আমলে তিনি ব্রিটিশ আমেরিকান টোব্যাকোয় উচ্চ বেতনে চাকরি করতেন। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে তিনি চাকরি ছেড়ে দিয়ে ব্যবসায় মনোযোগ দেন। বিষয়টি তার জন্য সহজ ছিল না উল্লেখ করে তিনি জানান, পরিবার ব্যবসা করাকে ভালো চোখে দেখেনি। মধ্যবিত্ত পরিবারের কেউ উদ্যোক্তা হওয়ার ইচ্ছাকে সহজভাবে নিতে পারে না বলে মন্তব্য করেন তিনি।

মঞ্জুর এলাহী বলেন, শিল্প খাতে বেসরকারীকরণ উদ্যোগের সময় প্রথম একটি ট্যানারি কোম্পানি কিনি আমি। এরপর দু-একবার আর্থিক সংকটে পড়লেও ব্যবসা আর থেমে থাকেনি। তিনি বলেন, চাকরির পাশাপাশি কোনো দিন ব্যবসা করা যায় না। ব্যবসা করতে হলে পুরোপুরি ব্যবসা করতে হবে; পরিশ্রমী হতে হবে। তার মতে, ব্যবসায় উন্নতির পেছনে ৯০ শতাংশ পরিশ্রম আর মাত্র ১০ শতাংশ ভাগ্যের অবদান থাকে। ব্যবসা করার ক্ষেত্রে

সবাইকে সৎ হওয়ার পরামর্শ দেন তিনি। ভারতের জামশেদজি টাটাকে নিজের ব্যবসায়িক আদর্শ মনে করেন সৈয়দ মঞ্জুর এলাহী।

এক প্রশ্নের উত্তরে এ শিল্পপতি বলেন, ব্যবসার প্রধান চালিকাশক্তি হলো মূলধন। এটি না থাকলে হাজারো পরিকল্পনা বৃথা হবে। মূলধন একেবারেই না থাকলে ব্যাংকও ঋণ দেবে না। প্রতিশ্রুতি ও ব্যাংক ব্যবসায়ীদের প্রধান বন্ধু বলে তিনি মনে করেন। তিনি বলেন, উদ্যোক্তা হতে হলে স্বপ্ন থাকতে হবে। এ স্বপ্ন একান্তই নিজের মতো হতে হবে। স্বপ্ন অনুযায়ী কাজ করতে হবে। উদ্যোক্তা হওয়ার প্রক্রিয়া ধীরগতির উল্লেখ করে তিনি বলেন, রাতারাতি উদ্যোক্তা হওয়া যায় না।

http://bonikbarta.net/bangla/news/2017-08-09/127206/%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%A4-%E0%A6%AA%E0%A6%A3%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%87-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%9F%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%96%E0%A6%AC%E0%A7%87/

the dailyobserver
We stand for people's rights




## UAP initiates 'Entrepreneurship Lecture Series'

Department of Business Administration (DBA), University of Asia Pacific (UAP) yesterday hosted the first session of 'Entrepreneurship Lecture Series'. Guest speaker Sayed Manzur Elahi, Chairman of Syed Manzur Elahi Enterprise, Chairman of Apex Group conducted an insightful session. Dr. Jamilur Reza Choudhury, Vice Chancellor, UAP was present as chief guest; chairman of Board of Trustees, Qayum Reza Chowdhury; head of Department of Business Administration Mr. Shamsad Ahmed among others were present during the lecture.

http://www.observerbd.com/details.php?id=88776

THE ASIAN AGE

your access to information

# UAP initiates lecture series on entrepreneurship

News Desk

University of Asia Pacific (UAP) hosted the first session of 'Entrepreneurship Lecture Series'. UAP Department of Business Administration (DBA) organized the program. Chairman of Apex Group Sayed Manzur Elahi was present at the program as the guest speaker. He disclosed how he took the initiative of leaving a lucrative job to start up a tannery business and the struggles he faced.

Later, a question answer session was held. Dr Jamilur Reza Choudhury, Vice Chancellor, UAP was present as chief guest; Chairman, Board of Trustees, Qayyum Reza Chowdhury; Head of Department of Business Administration Mr Shamsad Ahmed were present during the lecture.

http://dailyasianage.com/news/78824/uap-initiates-lecture-series-on-entrepreneurship

UNB

UNITED NEWS OF BANGLADESH

# Manzur for breaking with 10am-5pm roster to be entrepreneurs

UNB NEWS

Tuesday 08 August, 2017 10:03:23 pm



Dhaka, Aug 8 (UNB) – Apex Group Chairman Syed Manzur Elahi on Tuesday said it is not possible to become an entrepreneur by following the traditional 10am-5pm duty roster.

He made the remarks while addressing a programme titled “UPA Entrepreneurship Lecture Series” at University of Asia Pacific (UAP) in the city. “Job means attending office from 9/10 am to 4 pm and gaining promotion. This is not a success. Similarly, it’s not possible to become an entrepreneur or run a business by doing office from 10 am to 5 pm,” Manzur added. He also gave some tips for the new entrepreneurs that include keeping promise to consumers, maintaining the aim, ensuring proper salaries to the labourers according to the circumstances of the market and providing training to the employees.

Asking the young entrepreneurs to run business with honesty, the business leader said, “If you operate your business with honesty, you may face some problems but there’s no possibility of failure.” UAP Vice-chancellor Dr Jamilur Reza Choudhury was, among others, present on the occasion.

http://www.unb.com.bd/bangladesh-news/Manzur-for-breaking-with-10am-5pm-roster-to-be-entrepreneurs/3925

দেশের প্রথম অনলাইন বিজনেস নিউজ পোর্টাল
অর্থসূচক
www.arthosuchak.com

# মধ্যম শ্রেণীর কর্মকর্তার অভাব, বিদেশিরা নিয়ে যাচ্ছে বিপুল অর্থ

বাংলাদেশে এখনো অধিকাংশ মানুষ বেকার। তারপরও দক্ষ জনবলের অভাব রয়েছে দেশের শিল্প কারখানায়। ফলে বিদেশ থেকে দক্ষ জনশক্তি আনছে দেশের এসব প্রতিষ্ঠান। ভারত-শ্রীলঙ্কার প্রায় ২০ হাজার নাগরিক এদেশের শিল্প কারখানায় কাজ করছে। ফলে দেশ থেকে প্রতিবছর বিপুল অংকের অর্থ বিদেশে চলে যাচ্ছে।




আজ মঙ্গলবার রাজধানীর গ্রিণ রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক আয়োজিত ইউএপি (ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক) এন্ট্রাপ্রেনারশিপ লেকচার সিরিজ শীর্ষক অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্যে এসব কথা বলেন ব্যবসায়ী নেতা ও এপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইওম রেজা চৌধুরী।

সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, আমাদের দেশের শিল্প কারখানাগুলোতে উচ্চ এবং নিম্ন শ্রেণীর কর্মকর্তার অভাব নেই। তবে মধ্যম শ্রেণীর কর্মকর্তার অনেক অভাব রয়েছে। মিড লেভেলের ম্যানেজারের পদগুলো দখল করে আছে বিদেশি নাগরিকরা। প্রশিক্ষণ এবং দক্ষতার অভাবে আমাদের দেশের কর্মকর্তারা এই পদগুলো দখল করতে পারছে না। এজন্য দেশে সাধারণ শিক্ষার পাশাপাশি অধিক হারে ভোকেশনাল ট্রেনিং ইনিস্টিটিউট দরকার।

এক প্রশ্নের জবাবে সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, আমাদের দেশে ব্যবসা-বাণিজ্যের প্রধান অন্তরায় হলো অবকাঠামোগত সমস্যা। এখানে রাস্তাঘাট এবং পোর্টের উন্নয়ন দরকার। এছাড়া বর্তমানে অন্যতম সমস্যা হয়ে দাঁড়িয়েছে ট্রাফিক জ্যাম। যে কারণে প্রতিদিন ৩ থেকে ৪ কর্মঘন্টা নষ্ট হয়ে যাচ্ছে। এসব কারণে বিদেশি বায়াররা এদেশে আসতে চায় না। এছাড়া গ্যাস-বিদ্যুতের সমস্যা তো রয়েছেই। তাই সরকারকে বিনিয়োগ পরিবেশের উন্নয়ন করতে হবে।

অনুষ্ঠানে দেশের শীর্ষ এই ব্যবসায়ী নেতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে তার ব্যবসা শুরুর গল্প বলেন। ব্যবসা শুরুর সময়ের নানা চ্যালেঞ্জ এবং প্রতিবন্ধকতা পেরিয়ে কীভাবে দেশের শীর্ষ ব্যবসায়ী হয়ে উঠেন সেসব গল্প শোনান শিক্ষার্থীদের।

তিনি বলেন, একজন উদ্যোক্তাকে ব্যবসা শুরু করতে হলে ৪ টি বিষয়ের উপর নজর দিতে হবে। প্রথমেই তাকে প্রতিশ্রুতি রক্ষা করতে হবে এবং দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে। একজন উদ্যোক্তার বেস্ট ফ্রেন্ড অর্থাৎ ভালো বন্ধু হবে ব্যাংক। এক্ষেত্রে কোনোভাবেই ঋণ খেলাপি হওয়া যাবে না। নির্ধারিত সময়ে ঋণ পরিশোধ করতে হবে। উদ্যোক্তাকে কঠোর পরিশ্রম করতে হবে। চাকুরির কর্মঘন্টা অনুযায়ী সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত কোনো ধরাবাঁধা সময়ের চিন্তা করলে ব্যবসা করা যাবে না। উদ্যোক্তাকে দিন-রাত  পরিশ্রম করতে হবে। সর্বোপরি- উদ্যোক্তাকে সৎ হতে হবে। সততা ছাড়া ব্যবসায় সাফল্য আসবে না।

শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাবে এপেক্স গ্রুপের চেয়ারম্যান বলেন, বড় হওয়ার কোনো ছোটখাটো রাস্তা নেই। উদ্যোক্তাকে ধৈর্য ধারণ করে চ্যালেঞ্জ নিতে হবে। যেকোনো ব্যবসার ক্ষেত্রে মূলধনই হলো আসল বিষয়। উদ্যোক্তাকে অবশ্যই পণ্যের মানের বিষয়ে খেয়াল রাখতে হবে। ক্রেতাকে কোনোভাবেই ঠকানো যাবে না।

প্রসঙ্গত, ১৯৪২ সালে কলকাতায় জন্মগ্রহণ করেন ব্যবসায়ী নেতা সৈয়দ মঞ্জুর এলাহী। ১৯৬৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি নেওয়ার পর তিনি কর্মজীবন শুরু করেন বহুজাতিক কোম্পানিতে। সৈয়দ মঞ্জুর এলাহী ১৯৭২ সালে প্রতিষ্ঠা করেন এপেক্স গ্রুপ। তিনি ১৯৯৬ ও ২০০১ সালের তত্বাবধায়ক সরকারের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স, বাংলাদেশ এমপ্লয়ার্স অ্যাসোসিয়েশনের সাবেক এই সভাপতি বর্তমানে সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ট্রাস্টি বোর্ডের সদস্য।

http://www.arthosuchak.com/archives/362409/%E0%A6%AE%E0%A6%A7%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%AE-%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87%E0%A6%A3%E0%A7%80%E0%A6%B0-%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%B0/

lets wake up...
campuslive24.com
ক্যাম্পাসলাইভ তারুণ্যের লাইফ

# ইউএপিতে উদ্যোক্তা লেকচার সিরিজ অনুষ্ঠিত

Published: 2017-08-08 20:43:02 BdST, Updated: 2017-08-09 08:54:57 BdST




**লাইভ প্রতিবেদক:** ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) লেকচার সিরিজ অনুর্ষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন বিভাগের উদ্যোগে সেমিনার রুমে এই লেকচার সিরিজ অনুর্ষ্ঠিত হয়।

অুনর্ষ্ঠানে বক্তব্য উপস্থাপন করেন এপেক্স গ্রুপের চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যবসাযী সৈয়দ মঞ্জুর এলাহী। তিনি তার বক্তব্যে বলেন, একজন সফল উদ্যেক্তা হতে হলে কঠোক পরিশ্রম করতে হবে। নিজের প্রতি বিশ্বাস ও আস্থা রেখে সততার সাথে কাজ করতে পারলে সফলতা আবশসম্ভাবী।


অনুর্ষ্ঠানে ইউএপির ভিসি প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরীর সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী, অন্যান্য ট্রাস্টি সদস্য, প্রো-ভিসি এম আর কবির, ট্রেজারার ইশফাক ইলাহী চৌধুরী, রেজিস্ট্রার সারওয়ার রাজ্জাক চৌধুরী ও ব্যবসা প্রশাসন বিভাগীয় প্রধান সামসাদ আহমেদ সহ অন্যান্য শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থী।

উল্লেখ্য, প্রশ্নোত্তর পর্বের মধ্যে দিয়ে এই লেকচার সিরিজ শেষ হয়।

http://bangla.campuslive24.com/private-university/7289/%E0%A6%87%E0%A6%89%E0%A6%8F%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%89%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%B2%E0%A7%87%E0%A6%95%E0%A6%9A%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%9C-%E0%A6%85%E0%A6%A8%E0%A7%81%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0%E0%A6%BF%E0%A6%A4

prnewsbd.com

# UAP holds entrepreneurship lecture series




Department of Business Administration (DBA), University of Asia Pacific (UAP) on Tuesday (August 8) hosted the first session of 'Entrepreneurship Lecture Series'.

Guest speaker Sayed Manzur Elahi, Chairman of Syed Manzur Elahi Enterprise, Chairman of Apex Group conducted an insightful session on his journey to becoming one of the most leading entrepreneurs of Bangladesh. The distinguished speaker of the session disclosed how he took the initiative of leaving a lucrative job to start up a tannery business, the struggles he faced and how he made a name for himself in the business world.

Later, a question answer session was held after which many of the students were greatly motivated to pursue their own business.

Dr. Jamilur Reza Choudhury, Vice Chancellor, UAP was present as Chief Guest; Honorable Chairman, Board of Trustees, Qayum Reza Chowdhury; Head of Department of Business Administration Mr. *Shamsad Ahmed* among others were present during the lecture.

Faculties and students attended the session that concluded with vote of thanks by Mrs. Sadia Tangem, convener of the series, Ms. Sisili Rahman, Mrs. Samira Sahel, Mrs. Barnali Nandi and Mrs. Tahmeem Siddiqi. It may be mentioned here that this lecture was one of the many which will be orchestrated under ‘Entrepreneurship Lecture Series’ in the days to come.

http://www.prnewsbd.com/other-news/uap-holds-entrepreneurship-lecture-series/